



স্মারক নং- ওএম/৩৪জিএ/২০০৮(অংশ-১)/৩২৩৫৯/১৩ জিএ,

তারিখ- ২২/১২/২০১৯খ্রি.

বিষয়: মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে বিভিন্ন অনুষ্ঠান সূচারূপে সম্পন্নকরণ।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৭০.১৬-৪০২, তারিখ:০৫/১১/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে বিভিন্ন অনুষ্ঠান সূচারূপে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

- ০১। শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর-সংস্থা-দপ্তর এবং সরকারি-বেসরকারি ও স্বায়ত্বশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।
- ০২। ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখে দেশের সকল জেলা ও উপজেলা সদরে অনুষ্ঠেয় কুচকাওয়াজ অনুষ্ঠানে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ০৩। ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখে দেশের সকল জেলা ও উপজেলা সদরে সরকারি-বেসরকারি স্কুল-কলেজে ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়ানুষ্ঠান, টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব), ফুটবল, কাবাডি ও হা-ডু-ডু খেলার আয়োজন করতে হবে।
- ০৪। সকল শিক্ষা প্রতিষ্ঠানে ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে সুবিধাজনক সময়ে মুক্তিযুদ্ধভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে।
- ০৫। মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষে (১৬-৩১ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে) জাতীয় পর্যায়ে রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা আয়োজনে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের সম্পৃক্ত করে কার্যক্রম গ্রহণ করতে হবে।
- ০৬। মহান বিজয় দিবস ২০১৯ উপলক্ষে (১৫-১৬ ডিসেম্বর ২০১৯ উভয় দিন সন্ধ্যা থেকে রাত ১.০০টা পর্যন্ত) তাদের অধিক্ষেত্রাধীন প্রতিষ্ঠানসমূহে আলোকসজ্জা করতে হবে।

মহান বিজয় দিবস-২০১৯ যথাযথভাবে উদযাপনের জন্য আঞ্চলিক পরিচালক, উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলকে উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

প্রফেসর মো: শাহেদুল খবির চৌধুরী  
পরিচালক (কলেজ ও প্রশাসন)

ও

মহাপরিচালক (বুটিন দায়িত্ব)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষক/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইন্ডালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৩। প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৪। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল, (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচী বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ০৫। অধ্যক্ষ (সকল), (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ);
- ০৬। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ..... অঞ্চল, (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচী বাস্তবায়নের অনুরোধসহ);
- ০৭। জেলা শিক্ষা অফিসার (সকল), (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচী বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ০৮। প্রধান শিক্ষক (সকল), (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ);
- ০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা), (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচী বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ১০। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা(মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ১২। সংরক্ষণ নথি।